# বাণী

মোহাম্মদ আব্দুল আওয়াল
জেলা প্রশাসক
ঝিনাইদহ



ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র বার্ষিক সাধারণ সভা-২০২৪ অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। আত্মনির্ভরশীল ও সমৃদ্ধিশালী জাতি গঠনে পূর্বশর্ত হলো অর্থনৈতিক উন্নয়ন। ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এ অঞ্চলের ব্যবসা-বাণিজ্য পরিচালনা ও শিল্পের সম্প্রসারণের মাধ্যমে দেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখতে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ব্যবসায়ীদের স্বার্থ সংরক্ষণের সাথে সাথে ভোক্তাদের অধিকার রক্ষা ও দেশের ব্যবসা বাণিজ্য শিল্পায়নের গতিধারা অব্যাহত রাখতে এ চেম্বার আরও জোরালো ভূমিকা পালনে সক্ষম হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি জেলা প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ বজায় রেখে নানাভাবে সহযোগিতা করে আসছে এবং এর ধারাবাহিকতা অক্ষুন্ন থাকবে বলে আশাবাদ ব্যক্ত করছি।

আমি ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি বার্ষিক সাধারণ সভা-২০২৪ এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

(মোহাম্মদ আব্দুল আওয়াল)